

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৮৮০

খোয়াই, ২৩ নভেম্বর, ২০২২

**খোয়াই ব্লকভিত্তিক নেশামুক্ত ত্রিপুরা অভিযানে আলোচনাচক্র**

খোয়াই ব্লকের স্থানীয় গণকী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে আজ জেলা যুব বিষয়ক ও ক্রীড়া আধিকারিক কার্যালয়ের উদ্যোগে খোয়াই ব্লকভিত্তিক নেশামুক্ত ত্রিপুরা অভিযানে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। প্রদীপ জেলে আলোচনাচক্রের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। উদ্বোধক শ্রী দেববর্মা বক্তব্য রাখতে গিয়ে বলেন, মারণ নেশার কবলে যুব সমাজকে অবক্ষয়ের দিকে নিয়ে যাচ্ছে। নেশার বিরুদ্ধে ব্যাপক প্রচার অভিযান সংগঠিত করার সাথে সাথে সুস্থ সমাজ গঠনে সকলকে এগিয়ে আসতে তিনি আহ্বান জানান। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত পূর্ব সোনাতলা পঞ্চায়েত প্রধান প্রাণেশ রঞ্জন দেব বক্তব্য রাখতে গিয়ে নেশার বিরুদ্ধে সমাজের সকল অংশের মানুষকে এগিয়ে আসতে তিনি অনুরোধ জানান। অনুষ্ঠানে অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন সোনাতলা পঞ্চায়েত উপপ্রধান কৃতবাস ধর, খোয়াই রেডক্রস সোসাইটির সভাপতি প্রবীর দাস, জেলা ক্রীড়া আধিকারিক নিতম্বীনি জমাতিয়া, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা, গণকী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুজিত মল্লিক প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন খোয়াই ব্লকের অতিরিক্ত বিডিও নেপাল নাথ। অনুষ্ঠান শেষে গণকী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে কাবাডি ও দড়ি টানাটানি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*